গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া চূড়ান্তকরণ এর লক্ষ্যে এপিএ টিম এবং বিশেষজ্ঞ পুলের সদস্যগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব ও এপিএ টিম প্রধান<br>সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ১৯ জুলাই ২০২০ |
| সময় | : | দুপুর ১২.০০ মিনিট |
| স্থান | : | জুম অনলাইন প্লাটফরম |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

জুম অনলাইন প্লাটফরমে যুক্ত সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম এবং বিশেষজ্ঞ পুলের সম্মানিত সদস্যগণদের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান, স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তন করা হয়। পূর্ববর্তী বছরসমূহে মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৩টি পৃথক নির্দেশিকা জারি করা হলেও এ বছর মন্ত্রণালয়/বিভাগ হতে উপজেলা পর্যায় পর্যন্ত সকল সরকারি অফিসের জন্য একটি সমন্বিত নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত নির্দেশিকায় বর্ণিত এপিএ ক্যালেন্ডারে ২০২০-২১ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া আগামী ৩০ জুলাই ২০২০ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে।

০২। <u>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন</u> :

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুতের লক্ষ্যে অনুষ্ঠিত বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুতের নিমিত্ত প্রতিটি অনুবিভাগের ২০২০-২১ অর্থবছরের বাস্তবায়িতব্য উল্লেখযোগ্য কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। অনুবিভাগসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণিত নির্দেশিকার আলোকে খসড়া প্রস্তুত করে অধিকতর যাচাই বাছাইয়ের জন্য পুনরায় অনুবিভাগসমূহে প্রেরণ করা হয়। অনুবিভাগসমূহ হতে প্রাপ্ত ফলাবর্তক (ফিডব্যাক) এর আলোকে এপিএ টিম কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২১ অর্থবছরের খসড়া এপিএ প্রস্তুত করা হয়েছে। যাতে সরকারের রূপকল্প ২০২১, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, পঞ্চবার্ষিক পরিকল্পনা, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১, ইস্তাম্বুল প্ল্যান অব এ্যাকশন, বাজেট বরাদ্দ ইত্যাদি বিষয়ের মধ্যে সমন্বয় করে খসড়া এপিএ তে বিভিন্ন কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, কর্মসম্পাদন সূচকের মান এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

০৪। সুরক্ষা সেবা বিভাগের এপিএ বিশেষজ্ঞ পুলের সম্মানিত সদস্যগণ আলোচনায় অংশ নিয়ে বলেন, প্রস্তুতকৃত খসড়া এপিএ-তে বর্ণিত কার্যক্রম এবং কর্মসম্পাদন সূচকসমূহ সময়ের বিবেচনায় যথেষ্ট যৌক্তিক হয়েছে। যা বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে বাস্তবায়ন যোগ্য বলে মনে হয়। বর্ণিত খসড়ায় কর্মসম্পাদন সূচকে দপ্তর/সংস্থাসমূহের বেশ কিছু কাজ পরিদর্শন ও মূল্যায়নের উদ্যোগ নেয়া হয়েছে। যার দ্বারা দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত সে সব কার্যক্রম আরো ফলপ্রসূ হবে আশাবাদ ব্যক্ত করেন। এ ছাড়াও বেশ কিছু বিধিমালা/নীতিমালা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে, যা বেশ প্রশংসনীয়। নিম্নে সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২১ অর্থবছরের জন্য চূড়ান্তকৃত কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা উল্লেখ করা হলো:

(ক) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক চূড়ান্তকৃত কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা:

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন | ১৮ | (১.১) মাদক বিরোধী কার্যক্রম পরিচালনা | (১.১.১) আয়োজিত এ্যানফোর্সমেন্ট কমিটির সভা | সংখ্যা | ১ | ৪ |
| | | | (১.১.২) আয়োজিত মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা | সংখ্যা | ১ | ৪ |
| | | | (১.১.৩) কারাগারসমূহে পরিচালিত মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা (কারাগার) | ২ | ২০ |
| | | | (১.১.৪) পরিচালিত মাদক বিরোধী অভিযান কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ২০ |
| | | | (১.১.৫) মাদক বিরোধী অস্থায়ী চেকপোস্টের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | ১০ |
| | | (১.২) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মূল্যায়ন | (১.২.১) সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ২০ |
| | | (১.৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | (১.৩.১) অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৯ খসড়া আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ১ | ১৬/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | | ১.৩.২ মাদকবিরোধী কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে ডোপ টেস্ট বিধিমালা আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২ | ৩১/১২/২০২-২৮/২/২০২১ |
| | | | ১.৩.৩ বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পরামর্শ কেন্দ্র বিধিমালা, ২০২০ আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২ | ০২/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | | ১.৩.৪ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | তারিখ | ১ | ০২/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | (১.৪) মাদকাসক্তদের চিকিৎসা এবং অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | (১.৪.১) ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | % | ১ | ১০ |
| | | | (১.৪.২) Modernization of DNC শীর্ষক প্রকল্পের ডিপিপি যাচাই বাছাই পূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ১ | ০২/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | | (১.৪.৩) দেশের ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি যাচাই বাছাইপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ১ | ০২/৫/২০২১-২১/৬/২০২১ |
| ২.অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধিকরণ | ১৮ | (২.১) অগ্নি প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | [২.১.১] কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | ১০ |
| | | | [২.১.২] বস্তি/বহুতল ভবন/শপিংমল/শিক্ষা প্রতিষ্ঠান/হাসপাতল ও অন্যান্য স্থানে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ৩০ |
| | | | [২.১.৩] প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | ১০ |
| | | | [২.১.৪] প্রদানকৃত অ্যাম্বুলেন্স সার্ভিস কার্যক্রম মূল্যায়ন | সংখ্যা | ২ | ৪ |
| | | (২.২) অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ | (২.২.১) প্রদানকৃত ফায়ার লাইসেন্স/ফায়ার ছাড়পত্র প্রদান কার্যক্রম মূল্যায়ন | সংখ্যা | ২ | ১৫ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | (২.৩) ফায়ার সার্ভিস সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [২.৩.১] অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রস্তাব আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২ | ০২/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | | (২.৩.২) ফায়ার সার্ভিস কর্মীদের জন্য পদক প্রদান নীতিমালা প্রণয়ন | তারিখ | ২ | ০২/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | (২.৪) ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [২.৪.১] ১৫৬ ও ২৫ (সংশোধিত ৪৬) প্রকল্পের আওতায় নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা | ৩ | ৮৩ |
| | | | [২.৪.২] ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা | ১ | ০৩ |
| | | | [২.৪.৩] স্ট্রেংদেনিং এ্যাবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স প্রকল্পের কাজ বাস্তবায়ন | % | ১ | ৪৫ |
| | | | [২.৪.৪] ডুবরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কাজ বাস্তবায়ন | % | ১ | ২৫ |
| ৩. পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ | ২০ | (৩.১) মাঠ পর্যায়ের পাসপোর্ট সেবা কার্যক্রম পরিবীক্ষণ | (৩.১.১) বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট/ই-পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন | সংখ্যা | ২ | ১৮ |
| | | (৩.২) বাংলাদেশে আগত বিদেশী নাগরিকবৃন্দের ভিসার শ্রেণি পরিবর্তনকরণ | (৩.২.১) পরিবর্তনকৃত ভিসার শ্রেণি | সংখ্যা | ২ | ৩০০০ |
| | | (৩.৩) বিদেশী নাগরিকবৃন্দের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান | (৩.৩.১) প্রদানকৃত নিরাপত্তা ছাড়পত্র | সংখ্যা | ২ | ২০০০ |
| | | (৩.৪) প্রবাসী বাংলাদেশীগণকে দ্বৈত নাগরিকত্ব প্রদান | (৩.৪.১) প্রদানকৃত দ্বৈত নাগরিকত্ব | % | ২ | ৭০ |
| | | (৩.৫) বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে সম্প্রসারিত এমআরপি ও এমআরভি কার্যক্রম সম্প্রসারণ | (৩.৫.১) পাসপোর্ট এবং ভিসা সেবা কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ন্যূনতম ১০টি বৈদেশিক মিশনের পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২ | ৩১/১২/২০২০-৩০/৪/২০২১ |
| | | (৩.৬) উন্নত প্রযুক্তি সম্পন্ন ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম বৃদ্ধি | (৩.৬.১) ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা | ৩ | ৪০ |
| | | (৩.৭) ইমিগ্রেশন প্রক্রিয়া সহজ ও যুগোপযোগীকরণ | (৩.৭.১) বিভিন্ন ইমিগ্রেশন চেক পোস্টে/ বিমান বন্দরে ই-গেইট স্থাপন কাজ সম্প্রসারণ | সংখ্যা | ২ | ৩০ |
| | | (৩.৮) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন | (৩.৮.১) ১৭ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | সংখ্যা | ১ | ২ |
| | | | (৩.৮.২) ১৬ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ কাজ শুরুকরণ | সংখ্যা | ১ | ৫ |
| | | | (৩.৮.৩) ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে যাচাই বাছাই সম্পন্নকরণ | তারিখ | ১ | ১৬/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | | (৩.৮.৪) ই-ভিসা ও ই-টিপি শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে মন্ত্রণালয় পর্যায়ে যাচাই বাছাই সম্পন্নকরণ | তারিখ | ১ | ১৬/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | (৩.৯) পাসপোর্ট ও ভিসা সেবা সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | (৩.৯.১) ইমিগ্রেশন নীতিমালার খসড়া চূড়ান্তকরণ | তারিখ | ১ | ১৬/৫/২০২১-২১/৬/২০২১ |
| ৪. কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর | ১৭ | (৪.১) কারাবন্দিদের পুনর্বাসনের জন্য কার্যক্রম বাস্তবায়ন | (৪.১.১) বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা (কারাগার) | ২ | ১৫ |
| | | | (৪.১.২) কারাবন্দিগণ কর্তৃক উৎপাদিত পণ্যের লভ্যাংশ প্রদান কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা (কারাগার) | ২ | ১৫ |
| | | | (৪.১.৩) বাস্তবায়িত লভ্যাংশ প্রদান কার্যক্রম | সংখ্যা (কারাগার) | ২ | ২৮ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | (৪.২) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (৪.২.১) কারাগারসমূহে প্রদানকৃত বিশেষ সেবা কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | কারাগার সংখ্যা | ১ | ১০ |
| | | (৪.৩) কারাবন্দিদের জন্য স্বজন লিংক প্রকল্প বাস্তবায়ন | (৪.৩.১) বাস্তবায়িত স্বজন লিংক প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা (কারাগার) | ১ | ১০ |
| | | (৪.৪) কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান | (৪.৪.১) প্রদানকৃত প্যারালিগ্যাল সার্ভিস কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা (কারাগার) | ২ | ২০ |
| | | (৪.৫) কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | (৪.৫.১) বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | সংখ্যা (জন) | ১ | ৪২২৫০ |
| | | | (৪.৫.২) খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প বাস্তবায়ন | % | ১ | ৭৫ |
| | | | (৪.৫.৩) ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | % | ১ | ৭৫ |
| | | (৪.৬) নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ | (৪.৬.১) প্রকল্প/স্থানীয় ব্যবস্থাপনায় গৃহীত আধুনিকায়ন কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা (কারাগার) | ১ | ৪৫ |
| | | | (৪.৬.২) এ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ১ | ০২/৫/২০২১-২১/৬/২০২১ |
| | | (৪.৭) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বিশেষ কর্মসূচি উদযাপন | (৪.৭.১) কারাবন্দিদের পোষ্যদের অনুকূলে বঙ্গবন্ধু বৃত্তি প্রদান | সংখ্যা | ২ | ১০০০ |
| ৫. সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের কার্যক্রমের সমন্বয় সাধন | ২ | (৫.১) দপ্তর/সংস্থা/ মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম সরেজমিন পরিদর্শন | (৫.১.১) পরিদর্শনে মাঠ পর্যায়ের প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা | সংখ্যা | ১ | ৬ |
| | | (৫.২) বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম মূল্যায়ন | (৫.২.১) বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভা | সংখ্যা | ১ | ১২ |

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত/চূড়ান্তকৃত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা:

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ১ | ৪ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ১২-১১ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪-২ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪-২ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪-২ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪-৩ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০-৬০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২০২১-১৫-৫-২০২১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ১ | ২৫-২-২০২১-২৫-৫-২০২১ |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৫০-২০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫-৪ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০-৮০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০-৮০ |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | % | ১ | ১০০-৮০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | % | ১ | ৮০-৫০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০-২৫ |

০৫। <u>দপ্তর/সংস্থাকর্তৃক প্রণীত ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া অনুমোদন</u> :

দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত চলতি ২০২০-২১ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বিষয়ে গত ০৮.০৭.২০২০ তারিখ সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের সাথে Zoom Online Platform-এ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার নির্দেশনা এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২০-২১" অনুযায়ী দপ্তর/সংস্থাকর্তৃক ২০২০-২১ অর্থবছরের চূড়ান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রস্তুত করা হয়েছে। দপ্তর/সংস্থার প্রধানগণের সাথে সচিব, সুরক্ষা সবা বিভাগের মধ্যে ৩০ জুলাই ২০২০ তারিখের মধ্যে চুক্তি স্বাক্ষরের বাধ্যবাধকতা রয়েছে।

০৬। <u>দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন</u> :

২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪র্থ ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন APAMS সফটওয়্যারে দাখিলপূর্বক চূড়ান্ত প্রতিবেদন প্রমাণকসহ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের জন্য দপ্তর/সংস্থায় পত্র প্রদান করা হয়। প্রাপ্ত প্রতিবেদনের আলোকে দপ্তর/সংস্থার চূড়ান্ত মূল্যায়ন ৩০/০৮/২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে।

০৭। <u>বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়</u> :

(৭.১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নীতিমালা এবং পরিপত্র অনুযায়ী সরকারের রূপকল্প ২০২১, এসডিজি, পঞ্চবার্ষিক পরিকল্পনা, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮, বাজেট বরাদ্দ ইত্যাদি বিষয়ের মধ্যে সমন্বয় করে প্রস্তুতকৃত খসড়া এপিএ চূড়ান্ত করা হলো;

(৭.২) বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে ২০২০-২১ অর্থবছরের চূড়ান্ত খসড়া এপিএ অফিস প্রধানের অনুমোদনক্রমে আগামী ৩০ জুলাই ২০২০ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(৭.৩) এপিএ-তে বর্ণিত কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণ সচেষ্ট থাকবেন;

(৭.৪) ৩০ জুলাই ২০২০ তারিখের মধ্যে সচিব, সুরক্ষা সবা বিভাগের সাথে দপ্তর/সংস্থার প্রধানগণের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের জন্য এপিএ টিম প্রধান প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করবেন;

(৭.৫) দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

(৭.৬) সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম প্রধান দপ্তর/সংস্থার এপিএ টিমের সাথে নিয়মিত সভা/আলোচনা করে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকবেন।

০৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
১৯/০৭/২০২০
মল্লিক সাঈদ মাহবুব
যুগ্মসচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭-৩২

তারিখ : ০৬ আষাঢ় ১৪২৭ / ১৯ জুলাই ২০২০

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ........................................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬। যুগ্মসচিব ......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৭। উপসচিব ......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৮। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব.............................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।

১৯/৭/২০২০
(জাহিদুল ইসলাম)
উপসচিব (অগ্নি শাখা-১)
ও
এপিএ ফোকাল পয়েন্ট